গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
১৬, আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০১৪.১৪.০৩০.২০২০-৩২১

তারিখ ঃ ২২ অগ্রহায়ণ ১৪২৭ ব:
০৭ ডিসেম্বর ২০২০ খ্রি:

বিষয়ঃ বাংলাদেশ ও ভারতের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয় কর্তৃক যৌথভাবে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ভারতের সাথে রেলসংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণের নিমিত্ত 'শুভ উদ্বোধন' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

বাংলাদেশ ও ভারতের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয় কর্তৃক যৌথভাবে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণের নিমিত্ত 'শুভ উদ্বোধন' উপলক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ০৩.১২.২০২০ তারিখে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

7/12/2020

(মো: নাজমুল হক)
উপ-সচিব
ফোন: ০২-৪৭১২৪৩১৫
ই-মেইল:
dsdev2@mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০১৪.১৪.০৩০.২০২০-৩২১/১ (১৫)

তারিখ ঃ ২২ অগ্রহায়ণ ১৪২৭ ব:
০৭ ডিসেম্বর ২০২০ খ্রি:

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩. অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক/অবকাঠামো/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৪. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
০৫. যুগ্ম-সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৬. জেলা প্রশাসক, নীলফামারী।
০৭. প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৮. যুগ্ম-মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৯. প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
১০. উপ-সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১. পরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।

(অ:পৃ:দ্র:)

[পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে]

১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪. জনসংযোগ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৫. সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

অনুলিপি ঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

০২. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

০৩. অফিস কপি।

7/12/2020

(মো: নাজমুল হক)
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা

বিষয়: বাংলাদেশ ও ভারতের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক যৌথভাবে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ভারতের সাথে রেলসংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণের নিমিত্ত 'শুভ উদ্বোধন' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ নূরুল ইসলাম সুজন এমপি
মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ০৩.১১.২০২০
সময় : ১১:০০ ঘটিকা
স্থান : রেলভবনস্থ সম্মেলন কক্ষে
(কক্ষ নং-৮২৫, ৮ম তলা)

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: "পরিশিষ্ট-ক"**

১.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, আগামী ১৭ ডিসেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ ও ভারতের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয়ের মধ্যে একটি ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হবে। উক্ত বৈঠকের কর্মসূচিতে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুন:চালুকরণের নিমিত্ত ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে 'শুভ উদ্বোধন' এর বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বিস্তারিত আলোচনার জন্য সচিব, রেলপথ মন্ত্রণালয়-কে আহবান জানান।

২.০ সচিব, রেলপথ মন্ত্রণালয় জানান যে, আগামী ১৭ ডিসেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ ও ভারতের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয়ের মধ্যে একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভার ব্যাপ্তিকাল ১ ঘন্টা ১৫ মিনিট হবে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে জানা যায়। উক্ত ভিডিও কনফারেন্সিং সভায় ৪/৫ টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে এবং কয়েকটি প্রকল্পের 'শুভ উদ্বোধন' এর বিষয় অন্তর্ভূক্ত রয়েছে। তিনি উক্ত অনুষ্ঠানকে সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে সার্বিক কার্যক্রম তদারকি ও সমন্বয়ের জন্য নিম্নোক্ত স্টিয়ারিং কমিটি গঠনের প্রস্তাব করেন:

স্টিয়ারিং কমিটি:

১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, আহবায়ক
২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, সদস্য
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, সদস্য
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, সদস্য
৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়, সদস্য
৬। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, সদস্য
৭। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে, সদস্য
৮। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক), বাংলাদেশ রেলওয়ে, সদস্য
৯। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, সদস্য
১০। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেলসংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, সদস্য সচিব।

সিদ্ধান্তঃ সর্বসম্মতিক্রমে উপর্যুক্ত স্টিয়ারিং কমিটি গঠন করা হলো।

৩.০ অত:পর সচিব, রেলপথ মন্ত্রণালয় উল্লেখ করেণ যে, এ ধরণের উদ্বোধনী অনুষ্ঠান ইতোপূর্বে রেলপথ মন্ত্রণালয় কর্তৃক আয়োজন করা হয়েছে এবং সে আঙ্গিকে এ উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনে করণীয় সম্পর্কে একটি খসড়া চেকলিস্ট প্রণয়ন করা হয়েছে। তাই উক্ত চেকলিষ্ট অনুযায়ী আলোচ্য অনুষ্ঠানটি বাস্তবায়নে নিম্নোক্ত বিভিন্ন কমিটি গঠন করা যেতে পারেঃ

| ক্র:নং | কার্যক্রমের নাম | করণীয় | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | 'শুভ উদ্বোধন' অনুষ্ঠানের ভেন্যু নির্ধারণ/চূড়ান্তকরণঃ<br><br>ক) গণভবন<br>খ) চিলাহাটি স্টেশন প্রান্ত। | বাংলাদেশ রেলওয়ের ভারতের সাথে রেলসংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্পের 'শুভ উদ্বোধন' অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত ভেন্যু নির্ধারণ করা হয়েছে:<br>(ক) গণভবনে ভিডিও কনফারেন্সিং এর স্থান প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক নির্ধারণ করা;<br>(খ) চিলাহাটি স্টেশন প্রান্তে ভেন্যু ও স্থান নির্ধারণ। | ক) স্টিয়ারিং কমিটি;<br>খ) গণভবন; ও<br>গ) চিলাহাটি স্টেশনের সন্নিকটে। |
| ৩.২ | ভারতের সাথে রেলসংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্পের 'শুভ উদ্বোধন' অনুষ্ঠান যথাযথভাবে সম্পাদনের জন্য কার্যক্রম গ্রহণ | চিলাহাটি স্টেশন প্রান্তের ভেন্যুতে অনুষ্ঠান যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত চিলাহাটি স্টেশন প্রান্তে সরেজমিনে মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের পক্ষ হতে প্রতিনিধি উপস্থিত থেকে প্রস্তুতি সভা আয়োজনকরতঃ সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয় করা। | ক) চিলাহাটি স্টেশন প্রান্ত; এবং<br><br>**খ) সমন্বয় কমিটিঃ**<br>১। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে — আহবায়ক<br>২। মহাব্যবস্থাপক (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৩। যুগ্ম মহাপরিচালক (প্রকৌশল) বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৪। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে — সদস্য সচিব<br><br>**কমিটির কার্যপরিধি:**<br>১। চিলাহাটি-হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুন:চালুকরণের নিমিত্ত নাম ফলক সম্বলিত 'শুভ উদ্বোধন' এর জন্য প্রকল্প সাইটে সুনির্দিষ্ট স্থান নির্ধারণ;<br>২। নাম ফলক সম্বলিত 'শুভ উদ্বোধন' নকশা চূড়ান্তকরণ;<br>৩। আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন এবং আমন্ত্রণ পত্র বিতরণ;<br>৪। অনুষ্ঠান আয়োজনের জন্য ডায়াস নির্মাণ, প্যান্ডেল নির্মাণ, অতিথি আসন বিন্যাস ও মাঠ পর্যায়ের অন্যান্য যাবতীয় কাজের সমন্বয় সাধন;<br>৫। প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এনবিআর, বাংলাদেশ রেলওয়ে এবং স্থানীয় সংসদ সদস্যবৃন্দ ও স্থানীয় অন্যান্য জনপ্রতিনিধির সাথে 'শুভ উদ্বোধন' অনুষ্ঠানের প্রয়োজনীয় সমন্বয়করণ;<br>৬। ঢাকাস্থ ভারতীয় দূতাবাসের সাথে সমন্বয়করণ;<br>৭। অনুষ্ঠানের নিরাপত্তা বিধানের জন্য স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সমন্বয়করণ।<br>৮। কমিটি সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক 'শুভ উদ্বোধন' অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করবেন। |

| ক্র:নং | কার্যক্রমের নাম | করণীয় | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.৩ | ক. দাওয়াত কার্ড ও Brochure চূড়ান্তকরণ ও ছাঁপানো | আলোচ্য উদ্বোধন অনুষ্ঠানের জন্য দাওয়াত কার্ড ও Brochure এর খসড়া প্রস্তুত করে মাননীয় রেলপথ মন্ত্রী ও সচিব এর অনুমোদন স্বাপেক্ষে ছাপানোর ব্যবস্থা করা। | **দাওয়াত কার্ড ও Brochure ছাপানো কমিটিঃ**<br>১। যুগ্মসচিব (উন্নয়ন-২) রেলপথ মন্ত্রণালয় — আহ্বায়ক<br>২। সিনিয়র সহকারী সচিব (অপারেশন) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৩। যুগ্ম-মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৪। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ — সদস্য<br>৫। উপসচিব (উন্নয়ন-২) রেলপথ মন্ত্রণালয় — সদস্য সচিব |
| | খ. অতিথি তালিকা প্রস্তুত ও দাওয়াত কার্ড বিতরণ | • অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত করা;<br>• কার্ড ছাঁপানোর পর বিতরণ করা;<br>• ঢাকার আমন্ত্রিত অতিথিদের দাওয়াত কার্ড রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক যৌথভাবে বিতরণ; এবং<br>• প্রকল্প সংশ্লিষ্ট এলাকার কার্ডগুলো জেলা প্রশাসনের সহায়তায় বিতরণ করা। | **অতিথি তালিকা ও কার্ড বিতরণ কমিটিঃ**<br>১। অতিরিক্তি সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় — আহ্বায়ক<br>২। যুগ্মসচিব (প্রশাসন-১) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৩। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৪। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৫। উপ-সচিব (প্রশাসন-৪) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৬। পরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৭। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট রেলপথ মন্ত্রণালয় — সদস্য সচিব |
| ৩.৪ | ব্যানার তৈরি ও অংশগ্রহণকারীদের তালিকাঃ<br>ক. মূল ব্যানার<br>খ. এক্স/স্ট্যান্ড ব্যানার<br>গ. স্লোগান, ফলক তৈরি<br>ঘ. রিহার্সেল এবং মূল অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের তালিকা প্রস্তুত | • মুল ব্যানার ও এক্স স্ট্যান্ড ব্যানার তৈরির জন্য প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট সরবরাহ করার লক্ষ্যে ব্যানারের নমুনা (হার্ডকপি / সফটকপি) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ;<br>• উদ্বোধনী এলাকায় ব্যবহারের জন্য ব্যানার/এক্স স্ট্যান্ড ব্যানার প্রস্তুত করা; এবং<br>• চিলাহাটি প্রান্তে 'শুভ উদ্বোধন' অনুষ্ঠান উপলক্ষ্যে রিহার্সেল এবং মুল অনুষ্ঠানের জন্য অংশগ্রহণকারীদের তালিকা (মাননীয় মন্ত্রীর সঙ্গে আলোচনাক্রমে) চূড়ান্ত করে নির্ধারিত সময়ের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ। | **ব্যানার ও অংশগ্রহণকারী তালিকা প্রস্তুত কমিটিঃ**<br>১। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) রেলপথ মন্ত্রণালয় — আহ্বায়ক<br>২। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৩। উপ-সচিব (প্রশাসন-১) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৪। উপ-সচিব (উন্নয়ন-১), রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৫। যুগ্ম-মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৭। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে — সদস্য সচিব |

| ক্র:নং | কার্যক্রমের নাম | করণীয় | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.৫ | মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া ও ফোল্ডার প্রস্তুত | মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া চূড়ান্ত করে যথাসময়ে ফোল্ডারসহ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ; এবং<br><br>মাননীয় রেলপথ মন্ত্রী ও সচিবের ভাষণের খসড়া চূড়ান্ত করে মাননীয় রেলপথ মন্ত্রী ও সচিবের নিকট দাখিল। | **ফোল্ডার প্রস্তুত কমিটিঃ**<br>১। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয় — আহ্বায়ক<br>২। যুগ্মপ্রধান, রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৩। প্রধান পরিকল্পনা কর্মকর্তা বাংলাদেশ রেলওয়ে, রেলভবন। — সদস্য<br>৪। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৬। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-১), রেলপথ মন্ত্রণালয় — সদস্য সচিব |
| ৩.৬ | ডকুমেন্টারী প্রদর্শনঃ | ইতোমধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বিভিন্ন উদ্বোধনী অনুষ্ঠান ও অন্যান্য সময়ে প্রস্তুতকৃত ভিডিও/ ডকুমেন্টারী চিলাহাটি প্রান্তের ডিজিটাল স্ক্রীনে প্রদর্শনের জন্য মাননীয় রেলপথ মন্ত্রী ও সচিবের অনুমোদন গ্রহণ ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। | **ডকুমেন্টারী প্রদর্শন কমিটিঃ**<br>১। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং ষ্টক) বাংলাদেশ রেলওয়ে — আহ্বায়ক<br>২। মহাব্যবস্থাপক (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৩। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৪। উপ-সচিব (আইন-১) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) রেলপথ মন্ত্রণালয় — সদস্য সচিব |
| ৩.৭ | চিলাহাটি বর্ডারে ইমিগ্রেশন ও কাষ্টমস্ অফিস চালুকরণ | চিলাহাটি বর্ডারে ইমিগ্রেশন ও কাস্টমস্ অফিস চালুকরণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এনবিআর এর সাথে সমন্বয় সাধন করতে হবে। | **ইমিগ্রেশন ও কাস্টমস্ সমন্বয় কমিটিঃ**<br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় — আহ্বায়ক<br>২। যুগ্ম-সচিব (প্রশাসন-১) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৩। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে — সদস্য<br>৪। সিনিয়র সহকারী সচিব (অপারেশন) রেলপথ মন্ত্রণালয় — সদস্য সচিব |
| ৩.৮ | অনুষ্ঠানের প্রচারণা<br>ক) ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার;<br>খ) বিটিভি/বেতারে সরাসরি সম্প্রচার | অনুষ্ঠানটি ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার এবং বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। | **প্রচারনা ব্যবস্থাপনা কমিটিঃ**<br>১। অতিরিক্ত-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে — আহ্বায়ক<br>২। উপসচিব (আইন-২) রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৩। পিআরও, রেলপথ মন্ত্রণালয় — সদস্য<br>৪। পরিচালক (জনসংযোগ) বাংলাদেশ রেলওয়ে — সদস্য সচিব |

| ক্র:নং | কার্যক্রমের নাম | করণীয় | বাস্তবায়নে | |
|---|---|---|---|---|
| ৩.৯ | অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/ কার্যালয়/সংস্থার সাথে সমন্বয়:<br>ক) প্রধানমন্ত্রীর কার্যালয়<br>খ) পররাষ্ট্র মন্ত্রণালয়<br>গ) সুরক্ষা সেবা বিভাগ<br>গ) জাতীয় রাজস্ব বোর্ড<br>ঘ) বিআর<br>ঙ) বিসিসি<br>চ) বিটিসিএল<br>ছ) চেয়ারম্যান / ব্যবস্থাপনা পরিচালক/আরইবি/নেসকো | অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখা এবং নিজ নিজ দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানানো। | **সংশ্লিষ্ট সহযোগি সংস্থা সমন্বয় কমিটিঃ** | |
| | | | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় | আহ্বায়ক |
| | | | ২। যুগ্মসচিব (প্রশাসন-১) রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| | | | ৩। উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| | | | ৪। প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | | ৫। প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | | ৬। সিনিয়র সহকারী সচিব (অপারেশন) রেলপথ মন্ত্রণালয় | সদস্য সচিব |

৪.০ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

৪.১ উল্লিখিত উদ্বোধনী অনুষ্ঠানের যাবতীয় ব্যয়ভার প্রকল্প পরিচালক, ভারতের সাথে রেলসংযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী রুটে রেল যোগাযোগ পুনঃচালুকরণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন এর অনুকূলে প্রকল্পে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করতে হবে;

৪.২ গঠিত সাব-কমিটিসমূহ প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে;

৪.৩ গঠিত সাব-কমিটিসমূহ প্রয়োজনীয় সভা করে কাজের অগ্রগতি সময়ে সময়ে সচিব, রেলপথ মন্ত্রণালয়কে অবহিত করবে;

৫.০ পরিশেষে কাজটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সকলের সহযোগিতা কামনা করে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে যথাযথভাবে দায়িত্ব পালন করার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৭/১২/২০২০

(মোঃ নূরুল ইসলাম সুজন এমপি)
মন্ত্রী
রেলপথ মন্ত্রণালয়